তারিখ 23 SEP 1991
পৃষ্ঠা ১৬ কলাম ১৬

২৭

দৈনিক খবর

# ৭৫ বছরেও বিদ্যালয়টি সরকারী করা হয়নি

ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ), ২২শে সেপ্টেম্বর (মনসুর আহমেদ আকন্দ)।– সুদীর্ঘ ৭৫ বছর পরও ঐতিহ্যবাহী বিশ্বেশ্বরী পাইলট উচ্চ বিদ্যালয়টি সরকারী করা হয়নি।

প্রকাশ, ১৯১৬ সালে তৎকালীন জমিদার ব্রজেন্দ্র কিশোর রায় চৌধুরীর স্মৃতি রক্ষার্থে কাচামাটিয়া নদীর তীরে এক স্বাস্থ্যকর ও মনোরম পরিবেশে বিশ্বেশ্বরী উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়টি স্থাপিত হওয়ার পর থেকে অত্যন্ত সুনামের সাথে পরিচালনা কমিটি দ্বারা সুষ্ঠুভাবে বিদ্যালয়টি পরিচালিত হয়ে আসছে।

সকল যোগ্যতার প্রতি বিবেচনা করে ১৯৭৮–৭৯ সালে বিদ্যালয়টিকে পাইলট স্কীমের অন্তর্ভুক্ত করা হয়।

বাউন্ডারী ওয়াল দিয়ে ঘেরাও করা বিদ্যালয়টি ১১৫ ফুট দ্বিতল ভবন; ৮৫ ফুট এক তলা পাকা ভবনসহ ১২৫ ফুট টিনের চৌচালা ঘর। বিদ্যালয়টি বর্তমানে ৮০৫ জন ছাত্র ও ১৭ জন অভিজ্ঞ শিক্ষক দ্বারা পরিচালিত হয়ে আসছে। প্রতিবছর বৃত্তিসহ এসএসসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক। এলাকাবাসী বিদ্যালয়টি সরকারীকরণের জন্য জোর দাবী জানিয়েছেন।

## ৩ হাজার একর জমির ফসল ডুবে গেছে

ঈশ্বরগঞ্জে ৩টি বিলের মুখে বাঁধ দেয়ায় প্রায় ৩ হাজার একর জমির ফসল পানিতে ডুবে গেছে।

প্রকাশ, ঈশ্বরগঞ্জ উপজেলার ভূবিয়াইল, মুক্তাপুরী ও বারড়া বিলের পানি নিষ্কাশনের একমাত্র খাল বাগ জুরিতে মাছ ধরার জন্য বাঁধ দেয়ায় পানি জমে প্রায় ৩ হাজার একর জমির রোপা আমন ধান পানির নীচে

25.